# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, শর্ট কোর্স শাখা

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।

Web site: www.bteb.gov.bd


স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩১.০০৯.১৮.৪৮১

তারিখ: ২৫ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ / ১০ মার্চ, ২০২৫ খ্রি.

## অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪ সেশনের ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষার অনলাইন ফরম পূরণ (Online Form Fill up) বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নিয়ন্ত্রণাধীন ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের অনুষ্ঠিতব্য জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪ সেশনের ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের রেজিস্ট্রেশনপ্রাপ্ত (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে অনলাইন ফরম পূরণ (Online form fill up) বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

- শিঘ্রই পরীক্ষার তারিখ/সময়সূচি ও পরীক্ষা কেন্দ্র তালিকা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট www.bteb.gov.bd -এ প্রকাশ করা হবে;
- প্রবিধান, ২০২১ (পরিমার্জিত) ও নতুন সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয় ভিত্তিক ও মান বন্টন অনুযায়ী জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪ সেশনের ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে;
- প্রবিধান, ২০২১ (পরিমার্জিত) এর ধারা ১০.৩ অনুযায়ী ২য় পর্বের পর্ব সমাপনী পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তার অকৃতকার্য বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে;
- প্রবিধান, ২০২১ (পরিমার্জিত) এর ধারা ১২.২ অনুযায়ী ১ম পর্ব সমাপনী পরীক্ষায় কোন শিক্ষার্থী ফাইন আর্টস টেকনোলজির ক্ষেত্রে অনধিক ০১ (এক) বিষয় এবং কম্পিউটার ও ফিজিক্যাল এডুকেশন টেকনোলজির ক্ষেত্রে অনধিক ০২ (দুই) বিষয় অকৃতকার্য শিক্ষার্থী এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অনুত্তীর্ণ বিষয়ে/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

০১. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ এন্ট্রির তারিখ:

| Online-এ তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর প্রেরণের তারিখ |
|---|
| ১৪ মার্চ, ২০২৫ খ্রি. হতে ১৮ মার্চ, ২০২৫ খ্রি. পর্যন্ত |

১.১ জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪ সেশনের ২য় পর্ব সমাপনী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর বোর্ডর অনলাইনে এন্ট্রি/প্রেরণ করতে হবে। উল্লেখ্য, তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর এর ক্ষেত্রে পরীক্ষার্থী অনুত্তীর্ণ হলে ফরম পুরণ করার সুযোগ পাবে না। TC/ PC এর উত্তীর্ণমান ৪০%;

১.২ তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর বোর্ডর অনলাইন (Online) -এ এন্ট্রি ব্যতীত কোনো পরীক্ষার্থী অনলাইন ফরম পূরণ (Online Form Fill up) করতে পারবে না;

১.৩ কোনোক্রমেই তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর বোর্ডের অনলাইনে এন্ট্রির তারিখ বৃদ্ধি করা হবে না। উক্ত নম্বর প্রেরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর জন্য দায়ী থাকবেন।

০২. পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে শিক্ষাথীদের ফরম পূরণ (Online form fill up) -এর নিয়মাবলি

২.১ অনলাইন ফরম পূরণ (Online Form Fill up) -এর সময়সীমা

| Online- এ পরীক্ষার্থীদের ফরম পূরনের তারিখ | নির্ধারিত তারিখের পরে শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০/- বিলম্ব ফিসহ ফরম পূরণের তারিখ | শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের তালিকা প্রিন্ট ও সোনালী সেবায় ফি প্রদানের তারিখ |
|---|---|---|
| ২১ মার্চ, ২০২৫ খ্রি. হতে ০৬ এপ্রিল, ২০২৫ খ্রি. পর্যন্ত | ০৭ এপ্রিল, ২০২৫ খ্রি. | ০৯ এপ্রিল, ২০২৫ খ্রি. হতে ১০ এপ্রিল, ২০২৫ খ্রি. পর্যন্ত |

২.২ কোনোক্রমেই ফরম পূরণ (Online Form Fill up) -এর উক্ত সময়সীমা বৃদ্ধি করা হবে না। উক্ত তারিখের মধ্যে ফরম পূরণে ব্যর্থ হলে এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীর উপর এর প্রভাব পরলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর জন্য দায়ী থাকবেন। এর দায়ভার বোর্ডের উপর বর্তাবে না;

২.৩ উপরোক্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানকে অধিকরত যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো;

২.৪ ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপ:

| ক্রমিক | ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষা | | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | পরীক্ষার ফি | ৩৫০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ০২. | কেন্দ্র ফি | ৩২৫.০০ | কেন্দ্রের প্রাপ্য |
| ০৩. | নম্বরপত্র ফি | ৭৫.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ০৪. | সনদপত্র ফি | ১০০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ০৫. | সনদপত্র ফি (অনিয়মিত পরিক্ষার্থী) | প্রয়োজন নেই | - |
| ০৬. | ব্যবহারিক পরীক্ষার ফি (ব্যবহারিক প্রতি বিষয়ের জন্য) | ২০.০০ | কেন্দ্রের প্রাপ্য |

২.৪.১ প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহ নির্ধারিত হারে আদায় করতে হবে।

২.৫ ১ম পর্ব (অনিয়মিত) বোর্ড সমাপনী পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপ:

| ক্রমিক | ১ম পর্ব বোর্ড সমাপনী পরীক্ষা | | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | পরীক্ষার ফি | ৩৫০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ০২. | কেন্দ্র ফি | ৩২৫.০০ | কেন্দ্রের প্রাপ্য |
| ০৩. | নম্বরপত্র ফি | ৭৫.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ০৬. | ব্যবহারিক পরীক্ষার ফি (ব্যবহারিক প্রতি বিষয়ের জন্য) | ২০.০০ | কেন্দ্রের প্রাপ্য |

২.৫.১ প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে ১ম পর্ব (অনিয়মিত) বোর্ড সমাপনী পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহ নির্ধারিত হারে আদায় করতে হবে।

০৩. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের অনলাইন (Online) -এ ফরম পূরণের প্রিন্ট কপি প্রেরণ ও পরীক্ষার ফি বোর্ডে জমা প্রদানের নিয়মাবলি:

৩.১ অনলাইন (Online) -এ ভুল তথ্য পূরণ করা হলে সরাসরি তা নাকচ করা হবে এবং এ জন্য অত্র অফিস দায়ি থাকবে না;

৩.২ উল্লিখিত পরীক্ষা অনুষ্ঠানের জন্য নিয়মিত পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, নম্বরপত্র ফি ও সনদপত্র ফি (৩৫০+১০০+৭৫) =৫২৫/- টাকা এবং অনিয়মিত পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি ও নম্বরপত্র ফি (৩৫০+৭৫) =৪২৫/- টাকা হারে বোর্ডের প্রাপ্য অর্থ সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। সোনালী সেবার মাধ্যমে জমাকৃত স্লিপের মূলকপি প্রবেশপত্র গ্রহণের সময় বোর্ডে জমা দিতে হবে;

৩.৩ বোর্ডের প্রাপ্য পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহ সোনালী সেবায় প্রদান করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারি চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য হবে না;

৩.৪ পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিল খাতে এন্ট্রিপূর্বক প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানি/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই জারিকৃত/প্রবর্তিত সম্মানি/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের টাকার অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবর প্রেরণ করতে হবে।

**বিঃ দ্রঃ** সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে অ্যাফিলিয়েশন ফি জমা/হালনাগাদ প্রদর্শনপূর্বক শিক্ষার্থীদের প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

১০.৩.২৫

(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩১.০০৯.১৮.৪৮১(১৭)

তারিখ: ১০ -০৩-২০২৫ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৪। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৫। জেলা প্রশাসক,সংশ্লিষ্ট সকল জেলা।

০৬। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/বরিশাল/রংপুর/ঢাকা/ময়মনসিংহ।

০৭। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।

০৮। উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৯। উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের অনুরোধসহ।

১০। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।

১১। কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ, সংশ্লিষ্ট সকল কেন্দ্রসমূহ।

১২। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৫। অধ্যক্ষ/পরিচালক, ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স পরিচালনাকারি সকল প্রতিষ্ঠান। বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১৬। পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৭। নথি।

২০.০৩.২০২৫

(মোঃ নওশাদ আলী)
উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স) অ.দা.
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।